

## নিয়োগ বিজ্ঞপ্তি

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীন 'সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্পে' নিম্নবর্ণিত পদসমূহ পূরণের লক্ষ্যে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (প্রকল্প মেয়াদকালীন সময়) নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	সাকুল্য বেতন (গ্রেড)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	ডাটা এন্ট্রি অপারেটর	০১	১৭০৪৫/- (গ্রেড-১৬) (জাতীয় বেতন স্কেল ২০১৫ মোতাবেক)	স্নাতক ডিগ্রি/ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স, সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ৩ (তিন) বছরের চাকুরির বাস্তব অভিজ্ঞতা। ডিএই'তে কর্মরত যোগ্য ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

### নিয়োগের শর্তাবলী

- নিম্নলিখিত বিবরণ ও সত্যায়িত সনদপত্রসহ আবেদনপত্র রেজিস্টার্ড ডাকযোগে প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫ বরাবরে আগামী ২২.০৯.২০১৬ খ্রী: তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। ডাকযোগে ব্যতীত প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং নির্ধারিত তারিখের পর আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
  - বিবরণ: (ক) পূর্ণ নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ, ২৪.০৮.২০১৬ খ্রী: তারিখে বয়স (ছ) জাতীয়তা (জ) ধর্ম (ঝ) শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, পাশের সন, বিভাগ/গ্রেড উল্লেখসহ) (ঞ) অভিজ্ঞতা (সংশ্লিষ্ট ক্ষেত্রে)।
  - আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে:
    - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত কপি।
    - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি।
    - চারিত্রিক সনদপত্র (প্রথম শ্রেণীর সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত)
    - নাগরিকত্ব সনদপত্র (স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত)
    - অভিজ্ঞতা সনদপত্রের অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে) যা ১ম শ্রেণীর সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।
    - আবেদনপত্রের সাথে বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংক কর্তৃক ১০০/- (একশত) টাকা ট্রেজারী চালান 'সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প' ডাটা এন্ট্রি অপারেটর পদে ফি কোড নংঃ ১-৪৩৩১-০০০০-২০৩১ এ জমাদান পূর্বক চালানের মূলকপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
    - মুক্তিযোদ্ধার সন্তান, মহিলা, এতিম, প্রতিবন্ধী, উপজাতী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি।
    - আবেদনপত্রের খামের উপর পদের নাম, নিজ জেলা, কোটা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম ও পূর্ণ ঠিকানা উল্লেখপূর্বক ৫ (পাঁচ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেট সংযুক্ত একটি ৯.৫×৪.৫ ইঞ্চি বিশিষ্ট খামে বর্তমান/পত্র যোগাযোগের ঠিকানাসহ প্রেরণ করতে হবে। অন্যথায় দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীর বয়সসীমা ২৪.০৮.২০১৬ খ্রী: তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। বয়স সম্পর্কে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের জন্য বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। মুক্তিযোদ্ধার নাতী/নাতনীদের ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর।
- কোন সরকারি ও আধাসরকারি সংস্থায় কর্মরত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবে। তবে অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- ছবি ও কাগজপত্র সত্যায়নের ক্ষেত্রে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নামসহ সীল দ্বারা) কর্তৃক সত্যায়িত হতে হবে।
- ত্রুটিপূর্ণ / অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ বিজ্ঞপ্তিটি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের [www.dae.gov.bd](http://www.dae.gov.bd) এই ওয়েব সাইডেও পাওয়া যাবে।
- আবেদনকারীগণকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- সর্বক্ষেত্রে নিয়োগ কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(মো: ওহিদুজ্জামান)

প্রকল্প পরিচালক

সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প

১ম বিল্ডিং, কক্ষ নং- ৪১১(৪র্থ তলা)

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

খামারবাড়ি, ঢাকা-১২১৫।

ফোনঃ ৯১০৪৫৭৪